**কৃষিই সমৃদ্ধি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন- ৫ অধিশাখা
(www.moa.gov.bd)

স্মারক নং- ১২.০২৪.০০৪.০১.১১.০০২.২০১৪-৬১৬

তারিখঃ ০১ শ্রাবণ ১৪২২ বঙ্গাব্দ।
১৬ জুলাই ২০১৫ খ্রিস্টাব্দ।

বিষয় বিগত ০৬ জুলাই ২০১৫ খ্রি: তারিখে অনুষ্ঠিত ই- কৃষি ও ইনোভেশন সম্পর্কিত আলোচনা সভার কার্যবিবরণী প্রেরণ ।

উপর্যুক্ত বিষয়ে বিগত ০৬ জুলাই ২০১৫ খ্রি: তারিখে অনুষ্ঠিত ই- কৃষি ও ইনোভেশন সম্পর্কিত আলোচনা সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্ত: ০৩ (তিন) পৃষ্ঠা

১৬.০৭.১৫

(সুব্রত ভৌমিক)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৬২৬।
ই-মেইলঃ admn5.moa@gmail.com

মন্ত্রণালয় ঃ

বিতরণ ঃ (সদয় কার্যার্থে)

১। উপসচিব, প্রশাসন- ৫ অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত উপ- পরিচালক (ই- জিপিডি), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

দপ্তর/সংস্থা ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

৪। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ: এসএম আবুজার, অতিরিক্ত পরিচালক, আইসিটি)
৫। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
৬। মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
৭। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা।

অনুলিপি ঃ (সদয় জ্ঞাতার্থে)

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়। সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
২। যুগ্মসচিব (পিপিবি) ও চীফ ইনোভেশন অফিসার মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়। যুগ্মসচিব (পিপিবি) ও চীফ ইনোভেশন অফিসার মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
যুগ্ম সচিব (পিপিবি) ও চীফ ইনোভেশন অফিসার-এর দপ্তর
www.moa.gov.bd

**বিষয় ঃ গত ০৬.০৭.২০১৫ তারিখে কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ই-কৃষি ও ইনোভেশন সম্পর্কিত আলোচনা সভার কার্যবিবরণী।**

গত ০৬-০৭-২০১৫ তারিখে কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ই-কৃষি ও ইনোভেশন সম্পর্কিত সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কৃষি মন্ত্রণালয়ের সচিব শ্যামল কান্তি ঘোষ। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট ক-তে সন্নিবেশিত হলো।

উপস্থাপনা ঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির আহ্বানে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের নির্বাহী পরিচালক সভার প্রেক্ষাপট সংক্ষেপে তুলে ধরেন। নির্বাহী পরিচালকের নির্দেশে প্রকল্প পরিচালক, ইনফো সরকার তার প্রকল্পের কার্যক্রমগুলো সংক্ষেপে উপস্থাপন করেন এবং প্রকল্পের অবশিষ্ট সময়ে ই-কৃষির উন্নয়নে সম্ভাবনাময় উদ্যোগসমূহ বাস্তবায়নে তাঁর প্রকল্প থেকে সহযোগিতা প্রদানের সুযোগ রয়েছে বলে মতামত প্রদান করেন। তিনি জানান যে, গত ২৯/০৬/২০১৫ তারিখে তাঁর অনুরোধক্রমে কৃষি তথ্য সার্ভিস-এর কনফারেন্স রুমে কৃষি তথ্য সার্ভিস ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা এবং মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (পিপিবি)-এর সঙ্গে আলোচনা সভায় মিলিত হন। সভায় কৃষি তথ্য সার্ভিসের কর্মকান্ড ও এআইসিসি-এর কার্যক্র তুলে ধরা হয়। উক্ত আলোচনা সভায় উপস্থাপিত উদ্যোগ সমূহের মধ্যে কৃষি তথ্য সার্ভিস এর এআইসিসি স্থাপনের প্রস্তাবনাটি তাঁর প্রকল্পের সঙ্গে সংগতিপূর্ণ। সে ক্ষেত্রে প্রস্তাবিত এআইসিসি সমূহ স্থাপনে তাঁর প্রকল্প থেকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা যেতে পারে। এছাড়া, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কানেকটিভিটি ও নেটওয়ার্ক সচল রাখার জন্য কিছু যন্ত্রপাতি সরবরাহ করা যেতে পারে। সভায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মোবাইল অ্যাপস এবং বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের নলেজ ব্যাংক অ্যাপস্ উপস্থাপন করা হয়।

আলোচনা ঃ

সভাপতির অনুমতিক্রমে কৃষি তথ্য সার্ভিসের পরিচালক জানান, কৃষি তথ্য সার্ভিস থেকে অদ্যাবধি দেশব্যাপি ২৪৫টি কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র (এআইসিসি) স্থাপন করা হয়েছে। তিনি আরো জানান দেশব্যাপি আরও ২৫৪ উপজেলায় ২৫৪টি (কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র) এআইসিসি স্থাপন করা হলে প্রত্যেকটি উপজেলায় অন্তত একটি করে এআইসিসি স্থাপিত হবে। এর ফলে তৃণমূল পর্যায়ে কৃষি তথ্য সেবা কার্যক্রম জোরদার হবে এবং বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ প্রতিষ্ঠার ক্ষেত্রে ইতিবাচক অবদান রাখবে।

যুগ্ম প্রধান কৃষি মন্ত্রণালয় সভাকে জানান, কৃষি তথ্য সার্ভিস কর্তৃক ইতোপূর্বে স্থাপিত ২৪৫টি এআইসিসি কেন্দ্রকে টেকসই রূপ দেওয়া প্রয়োজন। এসব এআইসিসি কার্যক্রম অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে কৃষি তথ্য সার্ভিসকে অনুরোধ জানান। মহাপরিচালক ডিএই সভায় মত প্রকাশ করেন যে, কৃষক সংগঠন কেন্দ্রিক কার্যক্রমের ক্ষেত্রে সংগঠনের ভূমিকা অনেকাংশে নির্ভর করে। এসব এআইসিসি কেন্দ্রে আইসিটি উপকরণ দেওয়ার পাশাপাশি কোন আবর্তক তহবিল গঠন করা যায় কিনা বিষয়টি তিনি বিবেচনার জন্য অনুরোধ জানান।

D:\J.S (PPB)\et_minutes_1207.doc

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আইসিটি ব্যবস্থাপনা উইং-এর অতিরিক্ত পরিচালক জানান, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সদর দপ্তর খামারবাড়িতে একটি পুরাতন সার্ভার ও ল্যান রয়েছে, যার অনেক সুইচ, কম্পিউটার ও অন্যান্য যন্ত্রপাতি সংস্কার করা অত্যন্ত জরুরি। LAN সচল থাকলে দাপ্তরিক যোগাযোগ উপজেলা পর্যন্ত বিস্তৃত হবে বলে তিনি অভিমত প্রকাশ করেন। কৃষি মন্ত্রণালয়ের যুগ্মসচিব (পিপিবি) কৃষি মন্ত্রণালয়ের নেটওয়ার্ক স্পীড বাড়ানোর জন্য কিছু যান্ত্রিক সংস্কার করার জন্য ইনফো-সরকার প্রকল্প থেকে সহযোগিতা কামনা করেন।

নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল সভাকে জানান বিসিসি থেকে উচ্চ ক্ষমতা সম্পন্ন সার্ভার স্থাপন করা হয়েছে। সে ক্ষেত্রে নতুন করে কোন প্রতিষ্ঠানেরই নিজস্ব সার্ভার স্থাপনের প্রয়োজন হবে না। তবে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর সদর দপ্তরের LAN সংস্কারের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া যেতে পারে বলে প্রকল্প পরিচালক, ইনফো সরকার সভাকে অবহিত করেন।

সভায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর পক্ষ থেকে 'বারি কৃষি প্রযুক্তি ভান্ডার' মোবাইল অ্যাপস্ এবং বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর পক্ষ থেকে 'রাইস নলেজ ব্যাংক' মোবাইল অ্যাপস্টি উপস্থাপন করা হয়। সভাপতি উক্ত অ্যাপস দুটিতে টেকস্ট এর পরিমাণ কমিয়ে উপযুক্ত ছবি বেশি করে সংযোজনের পরার্মশ প্রদান করেন এবং অ্যাপস দু'টি জনগণের ইউজার ফ্রেন্ডলি করার পরামর্শ দেন।

**৪.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তগুলো গৃহীত হয় ঃ**

| ক্রম | বিষয় | দায়িত্ব |
|---|---|---|
| ৪.১ | ইনফো সরকার প্রকল্প থেকে এআইসিসি ক্লাব সমূহে প্রয়োজনীয় আইসিটি উপকরণ প্রদানের বিষয়ে ইনফো সরকার প্রকল্পের সাথে যোগাযোগ করে পরবর্তী সকল কার্যক্রম গ্রহণ করবে। | পরিচালক, এআইএস |
| ৪.২ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সদর দপ্তরের নেটওয়ার্ক কার্যক্রম উন্নয়নের জন্য প্রয়োজনীয় সহযোগিতা ইনফো-সরকার প্রকল্পের মাধ্যমে করা হবে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এ বিষয়ে ইনফো সরকার প্রকল্পের সাথে যোগাযোগ করে পরবর্তী সকল কার্যক্রম গ্রহণ করবে। | অতিরিক্ত পরিচালক (আইসিটি), ডিএই |
| ৪.৩ | বারি ও ব্রি-এর মোবাইল অ্যাপস আরও সংস্কার করে ইউজার ফ্রেন্ডলি এবং জনগণের সহজ বোধগম্য করতে হবে। অ্যাপস দু'টি মন্ত্রী মহোদয়কে দেখানোর জন্য ব্যবস্থা গ্রহণ করা হবে। | ডিজি, বারি ও ব্রি |

৫.০ সভায় আর কোন আলোচ্য সূচি না থাকয় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

(শ্যামল কান্তি ঘোষ)
সচিব
কৃষি মন্ত্রণালয়

D:\J.S (PPB)\ict_minutes_1207.doc

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি মন্ত্রণালয়

যুগ্ম-সচিব (পিপিবি)-এর দপ্তর

বিষয় ঃ ই-কৃষি ও ইনোভেশন সম্পর্কিত ০৬/০৭/১৫ তারিখে অনুষ্ঠিতব্য সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা ঃ

| ক্রম | কর্মকর্তার নাম ও পদবী | অফিসের নাম/টেলিফোন নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| | [illegible] ইসলাম | বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল [illegible] | [signature] |
| | মোঃ হাবিবুর রহমান | [illegible] | [signature] |
| | ড. মোঃ রফিকুল ইসলাম মণ্ডল মহাপরিচালক, বারি | 01712630006 | [signature] ৬/৭/১৫ |
| | ড. জীবন কৃষ্ণ বিশ্বাস মহাপরিচালক, ব্রি | 01711960344 | [signature] ৬/৭/১৫ |
| | [illegible] | DAE 01552490418 | [signature] |
| | [illegible] | কৃষি তথ্য সার্ভিস 01818272525 | [signature] |
| | [illegible] রহমান [illegible] | [illegible] 01818275642 | [signature] ০৬/০৭/১৫ |
| | মোহাম্মদ জাকির হাসনাৎ তথ্য অফিসার (পিপি) | কৃষি তথ্য সার্ভিস 01716987387 | [signature] ০৬/০৭/১৫ |
| | ড. মো: [illegible] প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | [illegible] 01552388731 | [signature] ৬/৭/১৫ |
| | মি. এম. ফয়সাল আহমেদ প্রোগ্রামার | কৃষি মন্ত্রণালয় 01716-822047 | [signature] ৬/৭/১৫ |
| | মো: [illegible] যুগ্ম-সচিব | 01552316984 | [signature] ৬/৭ |
| | ড. মো: আবদুর রৌফ যুগ্ম সচিব | 01824626575 | [signature] ৬/৭/১৫ |
| | মো: সাইদুল ইসলাম [illegible] | 01823539656 | [signature] ৬/৭/১৫ |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |